বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন
BANGLADESH TEXTILE MILLS CORPORATION
BTMC Bhaban, 7-9, Kawran Bazar C.A., Dhaka-1216, P.O. Box No.-462,Fax : 880-2-58152680
E-mail : btmcho@yahoo.com, btmcho@gmail.com, Website : btmc.gov.bd.

সূত্র নং-২৪.০৩.০০০০.১০৫.০২.১১৪.২২- ১৯২ তারিখ: ০৭/০৬/২০২৩ খ্রিঃ

## নোটিশ

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সংক্রান্ত সভা সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে কমিটির আহ্বায়ক পরিচালক (বাণিজ্য) মহোদয়ের সভাপতিতে আগামী ১১/০৬/২০২৩ খ্রিঃ দুপুর ০২:০০ ঘটিকায় পরিচালক (বাণিজ্য) মহোদয়ের কক্ষে এক সভা অনুষ্ঠিত হবে।

০২. উক্ত সভায় বিটিএমসি'র সকল বিভাগ/শাখা প্রধান ও অংশীজনের (Stakeholders) যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৭.০৬.২৩

(মোঃ কামরুল হাসান)
উপমহাব্যবস্থাপক (কারিঃ)
বিটিএমসি, ঢাকা

অনুলিপিঃ

০১। বিটিএমসি'র সকল বিভাগ/শাখা প্রধান।
০২। সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ।
০৩। সহঃ প্রধান হিসাব রক্ষক, পরিচালক (বাণিজ্য), মহোদয়ের শাখা, বিটিএমসি।
০৪। সহঃ প্রধান হিসাব রক্ষক, চেয়ারম্যান মহোদয়ের শাখা, বিটিএমসি।

CamScanner

# বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন

বিটিএমসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব হাওলাদার মোঃ রকিবুল বারী<br>পরিচালক (বাণিজ্য) ও আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি |
| সভার তারিখ | : | ১১-০৬-২০২৩ খ্রিঃ। |
| সময় | : | ০২ : ০০ ঘটিকা। |
| সভার স্থান | : | পরিচালক (বাণিজ্য) মহোদয়ের অফিস কক্ষ। |
| সভায় উপস্থিতি | : | হাজিরা প্রতিবেদন সংযুক্ত (পরিশিষ্ট 'ক')। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ কামরুল হাসান, উপ-মহাব্যবস্থাপক (কারি:), পারসনেল শাখা, বিটিএমসি সভার আলোচ্য সূচী উপস্থাপন করেন। তিনি ২০২২-২০২৩ অর্থ বছরের এপিএ বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সংক্রান্ত সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানান।

০২। সভাপতি বলেন যে, সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/মাঠ প্রশাসনে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ২১ মে ২০০৭ তারিখে একটি পরিপত্র জারী করা হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জিআইইউ) ২০১২ সালে মাঠ পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতিকে ফলপ্রসু করার কাজে সম্পৃক্ত হয়। ২০১৪-১৫ অর্থ বছর থেকে প্রবর্তিত মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যকীয় উদ্দেশ্য অংশে সেবা প্রদান প্রতিশ্রুতিকে অন্তর্ভূক্ত করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক নির্ধারিত ফরমেটে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুতপূর্বক স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করা হয়। প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি ফরমেটের বিভিন্ন কলাম পূরণে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থায় অস্পষ্টতা পরিলক্ষিত হওয়ায় অংশীজনদের সঙ্গে আলোচনা, বিদ্যমান সেবা প্রদান পদ্ধতি পর্যালোচনা এবং সংশ্লিষ্ট আইন ও বিধি যাচাই বাছাইপূর্বক একটি নির্দেশিকা প্রণয়ন করা হয়।

০৩। এছাড়াও স্টেকহোল্ডারগণদের উদ্দেশ্য করে সভাপতি আরও বলেন যে, অফিস প্রাঙ্গনে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) নিয়মিত আপডেট করে প্রদর্শন করে রাখতে হবে যার মাধ্যমে সেবাগ্রহীতা সহজে সেবা সম্পর্কে জানতে পারবেন। সেবা প্রত্যাশিরা সহজে ও দ্রুততার সাথে যাতে সেবা পায় সেদিকে খেয়াল রাখার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

০৪। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) নিয়মিত আপডেট করে যথাস্থানে প্রদর্শন করতে হবে।
খ) সেবা প্রত্যাশিরা সহজে ও দ্রুততার সাথে যাতে সেবা পায় সেদিকে খেয়াল রাখতে হবে।

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সমাপ্তি ঘোষণা করেন।

Rbari
11.06.2023
(হাওলাদার মোঃ রকিবুল বারী)
পরিচালক (বাণিজ্য)
ও
আহ্বায়ক, কমিটি

CS CamScanner

পরিশিষ্ট: "ক"

কমিটির আহ্বায়ক ও পরিচালক (বাণিজ্য), বিটিএমসি'র সভাপতিত্বে ১১-০৬-২০২৩ তারিখ দুপুর ০২:০০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত সভায় উপস্থিতি:

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | কাজী [illegible], [illegible] | ১১/৬/২৩ |
| ২। | মোঃ [illegible], [illegible] | ১১/০৬/২৩ |
| ৩। | নিলুফা আক্তার, ব্যবস্থাপক (কা: স:) | ১১/৬/২৩ |
| ৪। | মো: ইব্রাহিম মিয়া, ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ) | |
| ৫। | মো: নুরুল আলম মিয়া, ইনচার্জ, [illegible] | |
| ৬। | মো: কোরবান আলী, প্রকৌ: (মুত) ও মিল ইনচার্জ, আমানত টেক্স মিলস | ১১/০৬/২৩ |
| ৭। | মো: আলাউদ্দিন, হিসাব কর্মকর্তা, টাংগাইল কটন মিলস লি: | ১১/০৬/২৩ |
| ৮। | মো: মাহমুদ হাসান, সহ: [illegible] | ১১/০৬/২০২৩ |
| ৯। | মোঃ হাবিবুর রহমান, মান নিয়ন্ত্রণ কর্মকর্তা | ১১/৬/২০২৩ |
| ১০। | মোহাম্মদ জামাল হোসাইন, সহকারী মান নিয়ন্ত্রণ কর্মকর্তা | ১১/০৬/২৩ |

CamScanner